

২০২৩-২০২৪ চক্রের উপজেলা ভিডিলিউবি কমিটি সভা ১ম সভার (অবস্থিতকরণ সভা) কায়বিবরণী :

সভাপতি : লসমী চাকমা, উপজেলা নির্বাহী অফিসার, পুরা, রাজশাহী।

সভার তারিখ : ৩১-১০-২০২২ খ্রি। সময়:

সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, পুরা, রাজশাহী।

(উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট ক এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট খ তে দেওয়া হলো)

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। ২০২১-২০২২ চক্রের কার্যক্রম	১। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, চলমান উপকারভোগীদের ইউনিয়ন পরিষদের মাধ্যমে খাদ্য বিতরণ এবং আরএসডিপি ও বুলফাও এনজিও এর মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। এই চক্রের মেয়াদ ৩১ডিসেম্বর ২০২২খ্রি। শেষ হবে। সুষ্ঠুভাবে ২০২১-২০২২ চক্রের কার্যক্রম সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।	১। সংশ্লিষ্ট সকলে ২০২১-২০২২ চক্রের ভিডিলিউবি কার্যক্রম সুষ্ঠুভাবে সমাপ্ত করবেন।	১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট এনজিও।
২। ২০২৩-২০২৪ চক্রে ভিডিলিউবি উপকারভোগী নির্বাচন	২। ২০২৩-২০২৪ চক্রে ভিডিলিউবি (ভোলনারেবল উইমেন বেনিফিট) উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের স্মারক নং- ৩২.০০.০০০০.০২৯.২০.০১০.২২.৬১৬ তারিখ : ১৬- ১০-২০২২ খ্রি। তারিখের মাধ্যমে পরিপত্র পাওয়া গিয়েছে। তিনি পরিপত্রটি পড়ে শোনান এবং উপকারভোগীদের আবেদন (পূর্বের ন্যায় অনলাইনে) ও বাছাই প্রক্রিয়া, অন্তর্ভুক্তির শর্তাবলী, ওয়ার্ড, ইউনিয়ন ও উপজেলা কমিটির দায়িত্বাবলী ইত্যাদি বিষয় বিস্তারিত আলোচনা করেন। তিনি সভায় আরো জানান উপকারভোগীর সংখ্যা অপরিবর্তিত থাকবে (১৪৩৯ জন)। পরিপত্র অনুযায়ী উপকারভোগী নির্বাচন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পাদনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সবাইকে সভায় অনুরোধ জানানো হয়।	২। সংশ্লিষ্ট সকলে ২০২৩-২০২৪ চক্রে ভিডিলিউবি উপকারভোগী নির্বাচনসহ যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করবেন।	২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিষ্ট এনজিও।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

৩১.১০.২০২২

(লসমী চাকমা)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা ভিডিলিউবি কমিটি

পুরা, রাজশাহী